গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা

# বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.০০৭.০৯.২৫-১৫৩ তারিখ : ২০.০৩.২০২৫

# প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী-১

আমাদের সময়

বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের প্রকাশিত বিজ্ঞপ্তিতে (নং-৫৪.০১.০০০০.০১৩.০০৭.০৯.২৫-১৩৫; তারিখ : ০৫.০৩.২০২৫ খ্রিঃ) আবেদন দাখিলের সময়সীমা নিম্নোক্ত ভাবে সংশোধন করা হলো :

| ক্রমিক নং | মূল বিজ্ঞপ্তির সময়সীমা | সংশোধিত সময়সীমা |
|---|---|---|
| (এ) | ২৪.০৩.২০২৫ খ্রি: তারিখ বেলা ২:০০ ঘটিকা। | ১৬.০৪.২০২৫ খ্রি: তারিখ বেলা ৩:০০ ঘটিকা। |

নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

২০/৩/২৫

(আল ফাত্তাহ মোঃ মাসউদুর রহমান)
অতি. মহাপরিচালক (অবকাঠামো)
এবং আহ্বায়ক, প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি
বাংলাদেশ রেলওয়ে।
ফোন : ০২-৪১০৫০৯২৭ (অফিস)

জি-৫০৪/০৩/২৫ (৫"×৩)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## মহাপরিচালক এর কার্যালয়
## সংগ্রহ শাখা
## বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং ৫৪.০১.০০০০.০১৩.০০৭.০৯.২৫-১৩৫ তারিখ: ০৫.০৩.২০২৫

# প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয়ের আওতায় মহামান্য সুপ্রীম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগে মামলাসমূহ যথাযথভাবে সরকার পক্ষে পরিচালন ও প্রতিদ্বন্দ্বিতায় বিজ্ঞ সরকারি আইনজীবীকে সহযোগিতা করার জন্য নিম্নসংখ্যক আইনজীবীর প্যানেলভুক্তির লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| প্যাকেজ নং | আদালত | রেলওয়ে অঞ্চল | আইনজীবীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| BRPCS 1 | আপীল বিভাগ | পশ্চিমাঞ্চল | ২ | অগ্রহী এবং যোগ্যতাসম্পন্নদের মধ্য হতে বর্ণিত সর্বোচ্চ সংখ্যক আইনজীবী প্রাথমিকভাবে ৩ (তিন) বছরের জন্য প্যানেলভুক্ত করা হবে। |
| BRPCS 2 | | পূর্বাঞ্চল | ২ | |
| BRPCS 3 | হাইকোর্ট বিভাগ | পশ্চিমাঞ্চল | ৮ | |
| BRPCS 4 | | পূর্বাঞ্চল | ১২ | |

**আবেদনের শর্তাবলী নিম্নরূপ:**

ক) বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তুতকৃত নমুনা আবেদন (জীবনবৃত্তান্ত) ফরম এবং প্যানেল আইনজীবীগণের কর্মপরিধি (Terms of Reference) ওয়েবসাইটে www.railway.gov.bd) পাওয়া যাবে। ফরমটি ডাউনলোড/ অনুরূপ ছক যথাযথ পূরণপূর্বক আবেদন করা যাবে।

খ) অগ্রহী আইনজীবীগণকে আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত সনদ, বার কাউন্সিল সনদ, প্রযোজ্য হাইকোর্ট/আপীল বিভাগে অন্তর্ভুক্তির সনদ এবং সদ্যতোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

গ) প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে। আবেদনের শেষ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৬০ (ষাট) বছর। তবে অবসরপ্রাপ্ত জেলাজজ, বিচারপতি ও সিনিয়র আইনজীবীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

ঘ) একজন আবেদনকারী একাধিক প্যাকেজে প্যানেলভুক্তির জন্য আলাদাভাবে আবেদন করতে পারবেন। তবে যোগ্য বিবেচিত হলে কেবলমাত্র একটি প্যাকেজের বিপরীতে প্যানেলভুক্ত হবেন।

ঙ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং আপীল বিভাগে তালিকাভুক্তিসহ মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

চ) আবেদনকারী অন্য কোন সরকারি প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত বা অভিজ্ঞতা থাকলে প্রমানক দাখিল সাপেক্ষে অগ্রাধিকার দেয়া হবে।

ছ) প্রাপ্ত আবেদনসমূহ পিপিআর-২০০৮ অনুযায়ী যাচাই-বাছাই করে প্রতিটি প্যাকেজের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক যোগ্যতা সম্পন্ন (সর্বোচ্চ) প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রণয়ন এবং সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। মৌখিক সাক্ষাৎকারের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। প্রার্থীগণের যোগ্যতা (জীবন বৃত্তান্ত) বাছাইয়ে নম্বর বন্টন নিম্নরূপ:

| ক্রম | বিষয় | প্রদত্ত নম্বর | সর্বনিম্ন যোগ্যতায় নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | শিক্ষাগত যোগ্যতা | ২৫ | ১৮ (স্নাতক) | স্নাতকোত্তর: ২২ এবং ব্যারিস্টার-অ্যাট-লঃ ২৫ |
| ২ | অভিজ্ঞতাঃ (মোট নম্বর-৭০) | | | |
| | আইনজীবী হিসেবে সাধারণ অভিজ্ঞতা | ২০ | ১৫ (৫ বছর) | পেশাগত অভিজ্ঞতা ৫-১০ বছর: ১৬-১৯ নম্বর; ১০ বছরের অধিক হলে পূর্ণ নম্বর। **অনুচ্ছেদ-ঙ** তে বর্ণিত অভিজ্ঞতা নূন্যতম বিবেচনায় অধিকতর যোগ্যতা মূল্যায়ন করা হবে। |
| | সুনির্দিষ্ট অভিজ্ঞতা (হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ) | ৪৫ | ৩৩ | |
| | প্যানেল আইনজীবীর অভিজ্ঞতা | ৫ | ৪ (১ বছর) | ২ বছরের অধিক হলে পূর্ণ নম্বর। |
| | সর্বমোট নম্বর= | ৯৫ | ৭০ | সাক্ষাৎকারের ন্যূনতম নম্বর ৭০। |

জ) মৌখিক সাক্ষাৎকারে ৫ (পাঁচ) নম্বর বরাদ্দ থাকবে এবং সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্তভাবে (প্রাপ্তি সাপেক্ষে) প্রতিটি প্যাকেজের বিপরীতে বর্ণিত সংখ্যক আইনজীবী প্যানেলভুক্ত হিসেবে নিয়োগ (অস্থায়ী) প্রদান করা হবে।

ঝ) **রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত)** এবং নির্ধারিত কর্মপরিধি অনুযায়ী প্যানেলভুক্ত আইনজীবীর নিয়োগ/চুক্তি পরিচালনা এবং সম্মানী/ ভাতাদি প্রদত্ত।

ঞ) আগামী ২৪.০৩.২০২৫ খ্রিঃ তারিখ অফিস সময়ে বিকাল ০২:০০ ঘটিকার মধ্যে অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে এবং আহ্বায়ক, প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি, রেলভবন (কক্ষ নং ৪০১), ঢাকা বরাবরে আবেদনপত্র ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন বিবেচিত হবে না।

ট) রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নীতিমালা আপলোড করা হয়েছে। অগ্রহী প্রার্থীগণ আইনজীবী প্যানেলভুক্তি সম্পর্কিত কোন তথ্যের বিষয়ে জমাদান সময়সীমার অন্তত ৩ (তিন) দিন পূর্ব পর্যন্ত ই-মেইলে (dirp@railway.gov.bd ও ddprocur@railway.gov.bd) বা অফিস সময়ে সরাসরি কক্ষ নং ৪০৭, রেলভবন, ঢাকায় যোগাযোগ করতে পারবেন।

ঠ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আইনজীবী প্যানেলভুক্ত সম্পর্কিত কার্যক্রম আংশিক/ সম্পূর্ণরূপে স্থগিত বা বাতিল করার সকল ক্ষমতা সংরক্ষণ করেন। আইনজীবী প্যানেলভুক্তির (নিয়োগ) ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫/৩/২৫

(আল ফাত্তাহ মোঃ মাসউদুর রহমান)
অতি. মহাপরিচালক (অবকাঠামো)
এবং আহ্বায়ক, প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি
বাংলাদেশ রেলওয়ে।
ফোন: ০২-৪১০৫০৯২৭ (অফিস)

PF 403-143/25(10×5)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
পরিবহন ও বাণিজ্যিক বিভাগ
বাংলাদেশ রেলওয়ে ,রেলভবন, ঢাকা।
www.railway.gov.bd

নং-৫৪.০১.২৬০০.০০৮.১১.০১৬.২৩(পার্ট-২)-১২০ তারিখঃ ০৭ আগস্ট, ২০২৪।

**সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ রেলওয়ের **রাজস্বখাতভূক্ত স্থায়ী** শূন্য পদ পূরণের নিমিত্ত স্মারক নং-৫৪.০১.২৬০০.০০৮.১১.০১৬. ২৩ (পার্ট-২)-৮৯ তারিখ: **১৩ জুন, ২০২৪** এর আবেদনের মেয়াদ/সময়সীমা নিম্নোক্তভাবে বৃদ্ধি করা হলো:

| ক্রম | পূর্বে আবেদনপত্র দাখিলের নির্ধারিত সময়সীমা | আবেদনপত্র দাখিলের সংশোধিত সময়সীমা |
|---|---|---|
| ৩(ক)(ii) | Online-আবেদনপত্র জমাদনের শেষ তারিখ ও সময়: ০৮/০৮/২০২৪ বিকাল ০৫:০০ টা। | Online-আবেদনপত্র জমাদনের শেষ তারিখ ও সময়: ২৮/০৮/২০২৪ বিকাল ০৫:০০ টা। |
| প্রার্থীগণ http://br.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। | | |

উল্লেখ্য, ইতোপূর্বে যে সকল প্রার্থী অনলাইনে আবেদনপত্র দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০৭/০৮/২০২৪.

(এ এম সালাহ উদ্দীন)
যুগ্ম-মহাপরিচালক (অপারেশন)
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
ও
আহবায়ক
বিভাগীয় নির্বাচন কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ের "ট্রেন এক্সামিনার, ট্রেন কন্ট্রোলার, ট্রাফিক এ্যাপ্রেন্টিস ও ট্রেড এ্যাপ্রেন্টিস" পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট (www.railway.gov.bd) ও টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট (http://br.teletalk.com.bd) থেকে সংগ্রহ করা যাবে।

(এ এম সালাহ উদ্দীন)
যুগ্ম-মহাপরিচালক (অপারেশন)
ও আহ্বায়ক, বিভাগীয় নির্বাচন কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
পরিবহন ও বাণিজ্যিক বিভাগ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।
(www.railway.gov.bd)

bdgovtjob.net

নং-৫৪.০১.২৬০০.০০৮.১১.০১৬.২৩(পার্ট-২)- ৮৭ তারিখঃ ১৩ জুন, ২০২৪।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ের নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী শূন্যপদ পূরণের নিমিত্ত শর্তসাপেক্ষে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্র:নং | পদের নাম ও বেতন স্কেল (জা:বে:স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ট্রেন এক্সামিনার (গ্রেড-১২) টাকা ১১,৩০০-২৭,৩০০/- | ৪৫ টি | ১৮ থেকে ৩০ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২ | ট্রেন কন্ট্রোলার (গ্রেড-১২) টাকা ১১,৩০০-২৭,৩০০/- | ২৭ টি | ১৮ থেকে ৩০ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৩ | ট্রাফিক এ্যাপ্রেন্টিস (গ্রেড-১৪) টাকা ১০,২০০-২৪,৬৮০/- | ১৮ টি | ১৮ থেকে ৩০ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৪ | ট্রেড এ্যাপ্রেন্টিস (গ্রেড-২০) টাকা ৮,২৫০-২০,০১০/- | ২৪৮ টি | ১৮ থেকে ৩০ বছর | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে অন্যূন এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(ক) প্রার্থীর বয়স ০১/০৭/২০২৪ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে, সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। bdgovtjob.net

(গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

(ঘ) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপিসহ একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং আবেদনকারী কোনো বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূল কপিসহ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(ঙ) প্রার্থী কোনো রেলওয়ে কর্মচারীর পোষ্য [পোষ্য অর্থ বাংলাদেশ রেলওয়ের স্থায়ী পদে অন্যূন ২০ (বিশ) বছর চাকরি সম্পন্ন হয়েছে এরূপ কর্মরত বা অবসরপ্রাপ্ত (জীবিত বা মৃত) কর্মচারীর সন্তান ও বিধবা স্ত্রী বুঝাবে] হলে আবেদনকারীর সাথে কর্মরত বা অবসরপ্রাপ্ত কর্মচারীর (জীবিত বা মৃত) সম্পর্ক উল্লেখপূর্বক নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরসহ প্রত্যয়ন পত্র এবং পোষ্য সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে।

(চ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(ছ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(জ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ bdgovtjob.net

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://br.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১/০৭/২০২৪ সকাল ০৯.০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৮/০৮/২০২৪ বিকাল ০৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র জমা দানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (৩০০×৩০০ Pixel) ও স্বাক্ষর (৩০০ × ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্রে (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামত ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে সঠিকভাবে দাখিলকৃত আবেদনপত্রের ক্ষেত্রে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করার পর প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant কপি পাবেন। উক্ত Applicant কপি প্রার্থী download করে প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে সংরক্ষণ করবেন। Applicant কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ট্রেন এক্সামিনার, ট্রেন কন্ট্রোলার ও ট্রাফিক এ্যাপ্রেন্টিস পদে পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং "ট্রেড এ্যাপ্রেন্টিস" পদে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ ১২/-(বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার টাকা) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**নিম্নবর্ণিত পদ্ধতিতে এসএমএস (SMS) করতে হবে:**

প্রথম SMS: BR<Space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example:BR ABCDEF & Send to 16222. (ABCDEF এর স্থলে User ID নম্বর বসাতে হবে)
Reply: Applicant's Name, TK Will be charged as application fee. Your PIN is 123456.
দ্বিতীয় SMS: To pay fee, BR<Space>Yes<Space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example:BR Yes123456 & Send to 16222. (123456 এর স্থলে PIN নম্বর বসাতে হবে)
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ..........
Application for Post (xxxxxxxx) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://br.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Password, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। অথবা bdgovtjob.net

i.User ID জানা থাকলে BR<Space>Help<Space> User<Space> User ID & Send to16222
Example: BR Help User ABCDEF & Send to16222 (ABCDEF এর স্থলে User ID নম্বর বসাতে হবে)।
ii.PIN Number জানা থাকলে BR<Space> Help<Space>PIN <Space> PIN No & Send to16222
Example: BR Help PIN 12345678 & Send to16222 (12345678 এর স্থলে PIN নম্বর বসাতে হবে)।

(ঝ) Online আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail এর Subject এ Organization Name: BR, Post Name: xxxxxxxxx, Applicant's User Id, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ঞ) Online আবেদন এবং টাকা জমার কাজটি আবেদনকারী নিজেই করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদনটি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(ট) প্রাধিকার কোটায় আবেদনের ক্ষেত্রে আবেদনের সময় সংশ্লিষ্ট কোটা নির্বাচন করতে হবে। আবেদন দাখিলের জন্য নির্ধারিত তারিখের পর ইস্যুকৃত কোটা সংক্রান্ত কোনো সনদ গ্রহণ করা হবে না।

(ঠ) লিখিত পরীক্ষার সময় প্রার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস,বই, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি আনতে পারবেন না। পরীক্ষা চলাকালে এরূপ কোনো সামগ্রী পাওয়া গেলে প্রার্থীতা বাতিলসহ উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বিঃ দ্রঃ-** বাংলাদেশ রেলওয়ের নিয়োগ কার্যক্রম সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সম্পন্ন করা হয়। তাই দালাল বা প্রতারক চক্রের প্রলোভনে প্রলুব্ধ হয়ে কোনো প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অর্থ লেনদেন বা অন্য কোনো অনৈতিক উপায়ে বাংলাদেশ রেলওয়েতে চাকরি পাবার কোনো সুযোগ নেই। কেউ অর্থের বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় সোপর্দ করা, থানা অথবা গোয়েন্দা সংস্থাকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩/০৬/২০২৪.

(এ এম সালাহ উদ্দীন)
যুগ্ম-মহাপরিচালক (অপারেশন)
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
ও
আহবায়ক
বিভাগীয় নির্বাচন কমিটি।